

ইশতেহার

লেখা আহবান

ইশতেহার সমকালীন সমাজ, সংস্কৃতি ও রাজনীতি বিষয়ক একটি জার্নাল-ব্লগ। বাংলাদেশকে চিন্তা, গবেষণা ও স্বার্থের কেন্দ্রে রেখে সমসাময়িক সমাজ, সংস্কৃতি, রাষ্ট্র ভাবনার সীমাবদ্ধতাগুলোকে চিহ্নিত করা এবং নতুন চিন্তার আলামত হাজির করাই ইশতেহারের মূল মাকসাদ।

লেখা পাঠানোর নির্দেশনা

সমাজ, সংস্কৃতি, সাহিত্য, রাজনীতি, অর্থনীতি, ইতিহাস, দর্শন, আইন ও ধর্মতত্ত্ব সংক্রান্ত যেকোনো লেখা, অনুবাদ, সাক্ষাৎকার ও গুরুত্বপূর্ণ দলিল বা নথি পাঠানো যাবে।

প্রবন্ধের ক্ষেত্রে মৌলিকতা রক্ষা করতে হবে। অন্য কোনো পত্রিকা, সাময়িকী, জার্নাল বা অনলাইন প্ল্যাটফর্মে প্রকাশিত হয়েছে বা হবে, এমন লেখা গ্রহণযোগ্য হবে না।

লেখার ভাষা যথেষ্ট একাডেমিক ও সুসংহত হতে হবে। অশালীন, বিদ্রোহমূলক বা আক্রমণাত্মক শব্দ ব্যবহার করা যাবে না। বানান ও রেফারেন্স রীতির ক্ষেত্রে সামগ্রিক ঐক্য রক্ষায় সচেতন থাকতে হবে।

প্রবন্ধের ক্ষেত্রে ৩০০০-৫০০০ শব্দ, নিবন্ধের ক্ষেত্রে ১৫০০-৩৫০০ শব্দ এবং অনুলিখনে ৮০০-১০০০ শব্দের সীমারেখা মান্য করতে হবে।

সকল লেখা ইউনিকোড ফন্টের (কালপুরুষ) ১২ পয়েন্টে লিখে **মাইক্রোসফট ওয়ার্ড ফাইল আকারে** পাঠাতে হবে। সেইসাথে লেখক বা অনুবাদকের সংক্ষিপ্ত পরিচিতি ও ছবি মূল লেখার সাথে প্রেরণ করতে হবে।

ishteiharweb@gmail.com এই ঠিকানায় শিরোনাম ও ক্যাটাগরি উল্লেখ করে লেখা পাঠাতে হবে। যেমন: ‘বাংলাদেশে রাজনৈতিক সংস্কৃতির অবক্ষয়’ (নিবন্ধ)।

লেখা পর্যালোচনা, নির্বাচন ও প্রত্যাখ্যানের সিদ্ধান্ত সম্পাদনা পরিষদ উপর ন্যস্ত। লেখার ভাষা ও বিষয়বস্তুর মান উন্নয়নে ইশতেহার প্রয়োজনীয় সম্পাদনার অধিকার সংরক্ষণ করে।

লেখা জমাদানের পর ১৫-২০ দিনের মধ্যেই ইশতেহার আনুষ্ঠানিক সিদ্ধান্ত জানিয়ে থাকে। এ ব্যাপারে লেখকদের ধৈর্য ও সহযোগিতা কাম্য।

যৎসামান্য হলেও ইশতেহার নির্বাচিত লেখার বিপরীতে সম্মানী দেওয়ার চেষ্টা করে। লেখার মান, আকার ও ক্যাটাগরি বিবেচনায় সম্মানীর পরিমাণ সম্পাদনা পরিষদ নির্ধারণ করে থাকে।

ইশতেহার এমন কিছু সৃষ্টিশীল চিন্তকের অন্বেষণে রত, যারা অতীতকে পর্যালোচনা ও বর্তমানকে প্রশ্ন করে; আর ভবিষ্যতকে ঠেলে দেয় বদল, ভাঙচুর ও বিনির্মাণের ধুকুমার কর্মযজ্ঞে। যদি আপনি তেমনই একজন হন, আমাদের দরজা আপনার জন্য সবসময় উন্মুক্ত।

ওয়েবসাইট: ishteiharweb.com

ই-মেইল: ishteiharweb@gmail.com